



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কোটবাড়ি, কুমিল্লা।

তারিখ: ১৬/১০/২০২৫

“রূপসী বাংলা” পত্রিকায় প্রকাশিত সংবাদের প্রতিবাদ

গত ১৫ অক্টোবর ২০২৫ খ্রি. তারিখ, রোজ বুধবার “রূপসী বাংলা” পত্রিকার ৬ নং পাতায় “কুবিতে মরা গাছের টেভারে কাটা হয়েছে জীবিত গাছ” শিরোনামে একটি সংবাদ প্রকাশিত হয়েছে যেখানে অসত্য, ভুল, বানোয়াট ও উদ্দেশ্যপ্রণোদিত তথ্য উপস্থাপন করা হয়েছে। যার ফলে উক্ত পত্রিকার এই মনগড়া, কল্পনাপ্রসূত, ভুল, বিভ্রান্তিকর ও ভিত্তিহীন সংবাদ প্রকাশে বিশ্ববিদ্যালয়ের সুনাম ক্ষুণ্ণ হয়েছে। কুমিল্লা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উক্ত প্রকাশিত সংবাদের তীব্র প্রতিবাদ জানাচ্ছে।

গত ১৭/১০/২০২৪ খ্রি. তারিখে গঠিত পুরাতন মালামাল বিক্রয় ও অপসারণ কমিটির নিকট তৎকালীন রেজিস্ট্রারের মাধ্যমে গত ২৮/১১/২০২৪ খ্রি. তারিখে ক্যাম্পাসের গাছ অপসারণের বিষয়ে এস্টেট শাখা হতে চিঠির প্রেক্ষিতে কমিটি মৃত ও ক্ষতিকারক জীবিত মোট ২২ টি গাছ চিহ্নিত করে গত ০৪/০৫/২০২৫ খ্রি. তারিখে বর্তমান রেজিস্ট্রারের মাধ্যমে মৃত ও ক্ষতিকারক জীবিত গাছ কর্তনের অনুমতি চেয়ে বিভাগীয় বন কর্মকর্তা, বন বিভাগ, কুমিল্লাকে চিঠি দেওয়া হয়। বন বিভাগ সরেজমিনে উক্ত চিহ্নিত গাছগুলো পরিদর্শন করে গত ০৯/০৭/২০২৫ খ্রি. তারিখে মৃত ও ক্ষতিকারক জীবিত গাছ কর্তনের নিমিত্ত সরকারী নিয়মে কাঠের পরিমাপ ও সম্ভাব্য মূল্য ৩২,৭১৮.০০ টাকা নির্ধারণসহ প্রতিবেদন দাখিল করেন। বন বিভাগের ফেরত চিঠি পেয়ে কমিটি ক্রয় প্রক্রিয়া মেনে গত ২১/০৮/২০২৫ খ্রি. তারিখে মোঃ সোহাগ, মামা হোটেল, কুমিল্লা বিশ্ববিদ্যালয় গেইট সংলগ্ন, কোটবাড়ী, কুমিল্লাকে ৫০,০০০.০০ টাকার বিক্রয়াদেশ দেয়।

সংবাদে প্রকাশিত অসত্য, ভুল, মনগড়া, কল্পনাপ্রসূত, বিভ্রান্তিকর ও ভিত্তিহীন তথ্যসমূহ সংশোধন করে পাঠকের জ্ঞাতার্থে প্রকাশের জন্য “রূপসী বাংলা” কর্তৃপক্ষের নিকট অনুরোধ জানানো যাচ্ছে এবং ভবিষ্যতে সত্য ও বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের মাধ্যমে বিশ্ববিদ্যালয় তথা সকলের স্বার্থ সংরক্ষণের ব্যাপারে সংশ্লিষ্ট সাংবাদিকগণকে তাদের সংবাদ প্রকাশের ক্ষেত্রে দায়িত্বশীল হওয়ার আহ্বান জানাচ্ছে।

নিবেদক

মোঃ মিনহাজুল আবেদীন মজুমদার

সহকারী রেজিস্ট্রার

কেন্দ্রীয় স্টোর ও সদস্য সচিব,
পুরাতন মালামাল বিক্রয় কমিটি
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।

সদয় অবগতি ও অনুলিপি:

০১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।
০২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।
০৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।
০৪. পিএ টু রেজিস্ট্রার, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।
০৫. সংশ্লিষ্ট নথি।